ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া ২০০৭:
বাংলাদেশে ঢাকা ব্যবসা করার জন্য সব চেয়ে অনুকূল শহর

ওয়াশিংটন ডি.সি, ফেব্রুয়ারী ১৩, ২০০৭: বিশ্ব ব্যাংক এবং ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন (IFC) আজ "ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া ২০০৭" শীর্ষক একটি নতুন প্রতিবেদন প্রকাশ করেছে, যেটিতে এই প্রথমবারের মতো বাংলাদেশ হতে জাতীয় পর্যায়ের বিভিন্ন তথ্য ও উপাত্ত অর্ন্তভুক্ত করা হয়েছে।

ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া ২০০৭ প্রতিবেদনটিতে দেখা গেছে, বাংলাদেশের ৪ টি প্রধান শহরের মধ্যে ঢাকাতে ব্যবসা করার জন্য সর্বাপেক্ষা অনুকূল আইন কানুনবিদ্যমান, যেখানে সবচেয়ে জটিল ও ব্যয়বহুল প্রশাসনিক বাধা সম্পন্ন শহর হিসেবে বগুড়াকে চিহ্নিত করা হয়েছে। চট্টগ্রাম ও খুলনার অবস্থান মাঝামাঝি পর্যায়ে।

প্রতিবেদনটিতে দক্ষিণ এশিয়ার বাণিজ্য বিধিসমূহের সাথে সমগ্র বিশ্বের ১৭৫ টি অর্থনীতির তুলনামূলক চিত্র তুলে ধরা হয়েছে। এই অঞ্চলের বাণিজ্যের পক্ষে অনুকূল সর্বোচ্চ র‍্যাংকিং এ থাকা দেশগুলোর মধ্যে প্রথমেই আছে মালদ্বীপ (৫৩) এবং এরপরই পাকিস্তান (৭৪), তার পরবর্তীতে বাংলাদেশের অবস্থান (৮৮)। এর পরে আছে শ্রীলংকা (৮৯), নেপাল (১০০), ভারত (১৩৪), ভুটান (১৩৮) এবং আফগানিস্তান (১৬২)। উল্লেখ্য যে, এই বছর বাংলাদেশ সম্পত্তি রেজিস্ট্রেশন সহজিকরনের জন্য প্রয়োজনীয় সংস্কারসমূহ বাস্তবায়ন করেছে।

ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া ২০০৭ প্রতিবেদনটি দক্ষিণ এশিয়ার আঞ্চলিক প্রতিবেদন সিরিজের তৃতীয়তম প্রতিবেদন যা বার্ষিক "*ডুয়িং বিজনেস*" প্রতিবেদনের পদ্ধতির ওপর ভিত্তি করে তৈরী করা হয়েছে। সরকারী বিভিন্ন চাহিদার সাথে সর্ম্পকিত প্রয়োজনীয় সময় এবং খরচ পরিমাপের মাধ্যমে ব্যবসা শুরু করা, কার্যাবলী (অপারেশন), বাণিজ্য, কর প্রদান এবং ব্যবসা বন্ধ করা বা গুটিয়ে নেয়ার সাথে সর্ম্পকযুক্ত এক গুচ্ছ নিয়ন্ত্রণকারী সূচক অনুসরন করেছে *ডুয়িং বিজনেস* প্রতিবেদনটি। উক্ত *ডুয়িং বিজনেস* প্রতিবেদনটি সামষ্টিক অর্থনৈতিক নীতিমালা, অবকাঠামোগত মান, মুদ্রার পরিবর্তনশীলতা, বিনিয়োগকারীর উপলব্ধি অথবা অপরাধের হারের মতো নিয়ত পরিবর্তনশীল বিষয়গুলো অনুসরণ করেনি।

সম্প্রতি বাংলাদেশ ভূমি মালিকানার ক্ষেত্রে জালিয়াতি কমানোর জন্য জমি রেজিস্ট্রেশন আইন (জুলাই ১, ২০০৫ হতে কার্যকর) প্রবর্তনের মাধ্যমে ব্যবসার পরিবেশের উন্নতি করেছে। *ডুয়িং বিজনেস* এর ১০টি সূচকের মধ্যে ১ টি সূচক - সম্পত্তির রেজিস্ট্রীকরনের ক্ষেত্রে উন্নতি সত্ত্বেও বাংলাদেশের এখনও আরো ভাল করার সম্ভাবনা আছে।

বাংলাদেশের পরিস্থিতির উপর অভিমত ব্যক্ত করতে গিয়ে বাংলাদেশে বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মি. জু শিয়েন বলেন- "বাংলাদেশে ব্যবসার পরিবেশ উন্নতির জন্য সরকারের গৃহীত পদক্ষেপে সহায়তা করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ যা উচ্চ পর্যায়ের বিনিয়োগ এবং উৎপাদনশীলতা সৃষ্টির ক্ষেত্রে অত্যাবশ্যক।"

"বিশ্বব্যাপী *ডুয়িং বিজনেস* র‍্যাংকিং এ ৮৮তম থেকে ৬২ তম অবস্থানে থাকা দেশগুলোর ব্যবসা সংক্রান্ত বিধিমালার উত্তম চর্চার উদাহরনসমূহ গ্রহন করার মাধ্যমে বাংলাদেশ সহজেই আর্ন্তজাতিক র‍্যাংকিং এ উপরে উঠে আসতে পারে"- মন্তব্য করেন *ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া* ২০০৭ প্রতিবেদনটির একজন লেখক মি.

কারলি ম্যাকলিস। তার মতে "এর ফলে মালদ্বীপ ব্যতীত দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশসমূহকে পিছনে ফেলে এগিয়ে যাওয়া সম্ভব।"

উল্লেখ্য যে, স্থানীয় বিধিমালাসমূহ এবং জাতীয় পর্যায়ের বিধিমালা সমূহের ভিন্ন ভিন্ন ধরনের প্রয়োগের কারনে বাংলাদেশের বিভিন্ন শহরের ব্যবসা সহজিকরনের ক্ষেত্রে ব্যাপক পার্থক্যের সৃষ্টি হয়। উদাহরনস্বরূপ, ঢাকায় লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে ১৩টি প্রক্রিয়ার ভেতর দিয়ে যেতে হয় এবং সর্বমোট ১৮৫ দিন সময়ের প্রয়োজন হয়, যেখানে চট্টগ্রামে এই প্রক্রিয়ার সংখ্যা ১৫টি এবং ১৫০ দিন সময়ের প্রয়োজন হয় এবং বগুড়াতে ১৪৬ দিন ও ১৪টি প্রক্রিয়ার মুখোমুখি হতে হয়। বাংলাদেশের ভিতরে খুলনা ও বগুড়াতে দ্রুততম সময়ের মধ্যে কোন ব্যবসা শুরু করা যায় (৩০ দিনের মধ্যে), সেক্ষেত্রে তুলনামূলকভাবে ঢাকা ও চট্টগ্রামে ১ সপ্তাহ বেশি (৩৭ দিন) সময়ের প্রয়োজন হয়।

বিশ্ব ব্যাংকের দক্ষিণ এশিয়ার আর্থিক ও ব্যক্তি খাত উন্নয়ন বিষয়ক ম্যানেজার মি. সাইমন বেল বলেন- "যদিও ভারত ও পাকিস্তানের অভ্যন্তরীন আঞ্চলিক পার্থক্যের তুলনায় বাংলাদেশের আঞ্চলিক পার্থক্য তুলনামূলক কম, প্রকট, তথাপি যেখানে বাণিজ্য বিধিমালার আঞ্চলিক পার্থক্য বিদ্যমান সেখানকার স্থানীয় কর্তৃপক্ষ পরস্পরের কাছ থেকে শিক্ষা নিতে পারে। উদাহরন হিসেবে বলা যায়, অন্যান্য শহরের তুলনায় যদিও খুলনাতে আদালতের মাধ্যমে কোন বানিজ্যিক বিরোধ নিষ্পত্তির জন্য তুলনামূলক কম সময়ের প্রয়োজন হয় কিন্তু তা সত্ত্বেও প্রায় চার বছর (১৩৭৩ দিন) সময় লেগে যায়। "

	সূচক	সূচকের ভিত্তিতে সর্বোচ্চ স্কোরধারী শহর
১	ব্যবসা শুরু করা	বগুড়া, খুলনা
২	লা্ইসেন্স সংক্রান্ত বিষয়াবলী	বগুড়া
৩	কর্মী নিয়োগ	কোন প্রকার আঞ্চলিক পার্থক্য নাই
৪	সম্পত্তি রেজিস্ট্রেশন	বগুড়া, চট্টগ্রাম
৫	ঋন প্রাপ্তি	কোন প্রকার আঞ্চলিক পার্থক্য নাই
৬	বিনিয়োগকারীর সুরক্ষা	কোন প্রকার আঞ্চলিক পার্থক্য নাই
৭	কর প্রদান	কোন প্রকার আঞ্চলিক পার্থক্য নাই
৮	সীমান্ত অতিক্রম করে বাণিজ্য	চট্টগ্রাম
৯	চুক্তি বাস্তবায়ন	খুলনা
১০	ব্যবসা শেষ করা বা গুটিয়ে নেয়া	ঢাকা

বিশ্বে বাংলাদেশের বর্তমান অবস্থান : ৮৮

উত্তম চর্চা গ্রহনের পরে তাত্ত্বিকভাবে বাংলাদেশের অবস্থান হবে: ৬২

ডুয়িং বিজনেস প্রকল্পটি - ব্যবসায়িক পরামর্শক, আইনজীবী, হিসাব রক্ষক, সরকারী কর্মকর্তা এবং পৃথিবীর শীর্ষস্থানীয় শিক্ষাবিদদের সমন্বয়ে ৫০০০ এরও বেশি স্থানীয় বিশেষজ্ঞগনের প্রচেষ্টার ভিত্তিতে নির্মিত যারা প্রকল্পটিতে পুণ:নিরীক্ষা এবং পদ্ধতিগত সহায়তা করেছেন। এই সংক্রান্ত তথ্য, উপাত্ত, পদ্ধতি এবং আবেদানকারীর নাম অনলাইনে http://www.doingbusiness.org ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে ।

আরো তথ্য পেতে নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন:

নাদাইন/ নাদিন ঘান্নাম ১ (২০২) ৪৫৮-০৪৮২২, মোবাইল: ১ (২০২) ৩৬১-৭৭৯৮, ই-মেইল: nsghannam@ifc.org
বাংলাদেশ: এস.এম. রিজওয়ান-উল-আলম +৮৮০-২-৮১৫৯০০১, এক্সটেনশন-৪২৪২, ই-মেইল: salam3@worldbank.org

ডুয়িং বিজনেস সিরিজ প্রতিবেদনের আরো তথ্যের জন্য ভিজিট করুন: www.doingbusiness.org

ডুয়িং বিজনেস ইন সাউথ এশিয়া প্রতিবেদনের কপির জন্য ভিজিট করুন:
http://www.doingbusiness.org/southasia